



স্মারক নং ০৭.১০৪.০২০.২৭০১.৭২.২০১৮-০১

তারিখ: ৯ জুলাই ২০২০
২৫ আষাঢ় ১৪২৭

পরিপত্র

বিষয়: **করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্তদের চিকিৎসা সেবায় সরাসরি নিয়োজিত স্বাস্থ্যকর্মীদের এককালীন বিশেষ সম্মানি।**


নভেল করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত রোগীদের সেবা প্রদানে সরাসরি নিয়োজিত চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীদের সরকার এককালীন বিশেষ সম্মানি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। উক্ত বিশেষ সম্মানির আওতায় শুধুমাত্র করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত রোগীদের সেবা প্রদানে সরাসরি কর্মরত ডাক্তার, নার্স ও স্বাস্থ্য সেবাকর্মীগণ এককালীন ২ (দুই) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পাওয়ার যোগ্য হিসেবে বিবেচিত হবে।

৩। সম্মানী প্রাপ্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে:

- (ক) স্বাস্থ্য অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর 'সংযুক্তি-ক' ফরমে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক সম্মানির জন্য উপযুক্ত চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীর নামের তালিকা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করবে;
- (খ) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় তালিকা যথাযথভাবে যাচাই-বাছাইপূর্বক অর্থ বিভাগের সম্মতিক্রমে সম্মানি প্রদানের সরকারি আদেশ জারি করবে;
- (গ) সম্মানি বাবদ ২০২০-২১ অর্থবছরের বাজেটে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুকূলে প্রয়োজনীয় বরাদ্দ রাখা হয়েছে; এবং
- (ঘ) এ সম্মানি বর্তমান প্রচলিত অন্য যে কোন প্রজ্ঞাপন/আদেশে বর্ণিত সম্মানির ক্ষেত্রে প্রযোজ্য আর্থিক সহায়তা/অনুদানের অতিরিক্ত হিসেবে প্রদেয় হবে।

৪। এ পরিপত্রের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।


(ড. মোহাম্মদ আবু ইউছুফ)
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৪০১৩
ayusuf@finance.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা
৭. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা

সংযুক্তি-ক

চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীদের এককালীন বিশেষ সম্মানির আবেদন

কর্মকর্তা/কর্মচারীর নাম /আইডি নং	পদবী অফিস ও বেতন গ্রেড	মূল বেতন	এককালীন বিশেষ সম্মানির পরমাণ	করোনা ভাইরাসে আক্রান্তদের চিকিৎসা সেবায় কোন্ হাসপাতাল/প্রতিষ্ঠানে নিয়োজিত ছিলেন (নাম ও ঠিকানা)	করোনা ভাইরাসে আক্রান্তদের চিকিৎসা সেবায় সরাসরি নিয়োজিত ছিলেন মর্মে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের/স্বাস্থ্য অধিদপ্তরের প্রত্যয়ন।	মূল বেতনের সপক্ষে চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার/ডিএ ও/ইউএও/ডিসিএও এর প্রত্যয়ন
১	২	৩	৪	৫	৬	৭

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

Guany
02/11/2020